**পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**

পিএসডি সার্কুলার নং ঃ ০৫/২০১৯

তারিখ ঃ আগস্ট ০৪ , ২০১৯
---------------------
শ্রাবণ ২০ , ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঈদ-উল-আযহা উৎসবকালীন সময়ে Automated Teller Machine (ATM), Point of Sale (POS), Online e-Payment Gateway/Internet Banking, Mobile Financial Services (MFS) এর মাধ্যমে নিরবচ্ছিন্ন লেনদেন নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-আযহা-এর ছুটিতে Automated Teller Machine (ATM), Point of Sale (POS), Online e-Payment Gateway/Internet Banking এবং Mobile Financial Services (MFS)-এর মাধ্যমে গ্রাহকগণ যাতে নিরবচ্ছিন্ন লেনদেন করতে পারেন এবং একইসাথে আপনাদের পরিচালিত সিস্টেমসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণ সহ সার্বিক ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে ঃ

১. **Automated Teller Machine (ATM) এর ক্ষেত্রে ঃ**

ক) সার্বক্ষণিক ATM সেবা নিশ্চিত করা;

খ) ATM -এ কোন প্রকার কারিগরি ত্রুটি দেখা দিলে তা দ্রুততম সময়ের মধ্যে নিরসনের ব্যবস্থা গ্রহণ করা;

গ) ATM বুথে পর্যাপ্ত টাকা সরবরাহ নিশ্চিত করা;

ঘ) ATM বুথে সার্বক্ষণিক পাহারাদারের সতর্ক অবস্থানসহ অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা;

২. **Point of Sale (POS)-এর ক্ষেত্রে ঃ**

ক) সার্বক্ষণিক POS সেবা নিশ্চিত করা;

খ) জাল জালিয়াতি রোধে মার্চেন্ট এবং গ্রাহককে সচেতন করা;

৩. **Online e-Payment Gateway/Internet Banking-এর ক্ষেত্রে ঃ**

ক) Online e-Payment Gateway-তে কার্ডভিত্তিক "Card not Present" এবং account এর মাধ্যমে পরিচালিত লেনদেনের ক্ষেত্রে Two Factor Authentication (2FA) ব্যবস্থা আবশ্যিকভাবে নিশ্চিত করা;

৪. **Mobile Financial Services (MFS)-এর ক্ষেত্রে ঃ**

ক) Mobile Financial Services (MFS) প্রদানকারী সকল ব্যাংক বা তাদের সাবসিডিয়ারি কোম্পানীসমূহ কর্তৃক নিরবচ্ছিন্ন লেনদেন নিশ্চিত রাখা;

৫. **বিবিধ ঃ**

ক) ছুটি কালীন সময়ে ব্যাংকসমূহ কর্তৃক উপরিউক্ত সেবার আওতার সিস্টেমসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করাসহ ঝুঁকি মোকাবেলা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

খ) উপরিউক্ত সেবার আওতায় যে কোন অংকের লেনদেনের তথ্য এসএমএস এলার্ট সার্ভিসের মাধ্যমে গ্রাহককে অবহিত করা;

গ) ইলেকট্রনিক পদ্ধতিতে সকল ধরনের পরিশোধ সেবার ক্ষেত্রে গ্রাহকদের সতর্কতা অবলম্বনের জন্য গণ-মাধ্যমে বিভিন্নরকম প্রচার-প্রচারণার ব্যবস্থা করা;

ঘ) এ সকল লেনদেনের ক্ষেত্রে কোন অবস্থাতেই গ্রাহক যেন হয়রানির শিকার না হয় তার ব্যবস্থা গ্রহণ করা এবং সার্বক্ষনিক Help Line সহায়তা প্রদান করা;

ঙ) অত্র বিভাগ হতে ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্রের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করা।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৭৪